

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৫০.১৪.০৩২.১৩ (পার্ট-৪) - ১২২৭

তারিখ- ১৮/১০/২০১৭ খ্রিঃ


সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকার প্রতিটি উপজেলায় ১(এক)টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপনের প্রকল্প গ্রহণ করেছে। তারই ধারাবাহিকতায় ১ম ফেইজে ১০০টি নির্বাচিত উপজেলায় জমি অধিগ্রহণসহ টেন্ডারের মাধ্যমে প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। অবশিষ্ট উপজেলাসমূহে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপনের বিষয়ে এখনও কোন সরকারী সিদ্ধান্ত গৃহীত হয়নি।

সম্প্রতি লক্ষ্য করা গেছে কতিপয় প্রতারক দেশের বিভিন্ন অঞ্চলে বেসরকারী কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামো উন্নয়নের আশ্বাস দিয়ে বিভিন্ন তথ্য সংগ্রহের নামে অর্থ আদায় করছে। বিষয়টি সম্পূর্ণ বেআইনী।

সম্প্রতি সিরাজগঞ্জ জেলার সদর উপজেলায় ২(দুই)টি প্রতিষ্ঠান হতে অবকাঠামো উন্নয়নের আশ্বাস দিয়ে অর্থ আদায় সংক্রান্ত অভিযোগ পাওয়া গেছে।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে এ ব্যাপারে সতর্ক থাকার জন্য অনুরোধ করা হলো। ভবিষ্যতে এ ধরনের পরিদর্শন সংক্রান্ত কোন পত্র বা কর্মকাণ্ড নিয়ে সন্দেহ হলে পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), ফোন নং-৯১১০৮০৪ অথবা সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), ফোন নং-৮১৮১২২৬ এর সাথে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।


১৮.১০.২০১৭
(মো: মিজানুর রহমান)
যুগ্ম সচিব
ও
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ফোনঃ ৯১১০৮০৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা-১২০৭
২. পরিচালক, প্রশাসন/ভোকেশনাল/পিআইইউ/পিআইডব্লিউ, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭
৩. সহকারী পরিচালক (এমপিও), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭ (এমপিওভুক্ত সকল প্রতিষ্ঠানকে অবহিতকরণের অনুরোধসহ)
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৫. পিএ টু ডিজি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)